রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২০, ২০২৬

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সেতু বিভাগ**
**আইন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ ভাদ্র ১৪৩৩/ ১৭ আগস্ট ২০২৬

নং **৫০.০০.০০০০.০০০.২০৫.৩১.০০০১.২৬.৩৫**—বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ১১৭তম বোর্ড সভায় “ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের পুনর্বাসন ভিলেজে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা (সংশোধিত)” অনুমোদিত হয়েছে।

০২। জনস্বার্থে জারীকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইমরুল হাসান**
সিনিয়র সহকারী সচিব।


মূল্য : টাকা ৮.০০

**ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের পুনর্বাসন ভিলেজে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা (সংশোধিত)**

**১। ভূমিকাঃ**

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বাসেক) এর আওতায় ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ভূমি অধিগ্রহণের জন্য অধিগ্রহণ সংক্রান্ত আইন ও বিধি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত "ইনভেস্টমেন্ট প্রোমোশন এন্ড ফাইন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ)" গাইড লাইন অনুযায়ী ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণ প্রদান ও পুনর্বাসন কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। এ পুনর্বাসন কর্মপরিকল্পনাটি সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। পুনর্বাসন কর্মপরিকল্পনায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন এবং জীবিকা পুনরুদ্ধারের জন্য বিশেষ করে প্রকল্প বাস্তবায়নের পূর্বের চেয়ে যথাসম্ভব উন্নত জীবনমান নিশ্চিতকরণের বিষয়টি উল্লেখ করা হয়েছে। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের পুনর্বাসন ভিলেজে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে ফ্ল্যাট বরাদ্দ প্রদানের লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

**ফ্ল্যাটের বিবরণ:**

| ক্রম. | ব্লক | G+14-তলা বিশিষ্ট ভবন সংখ্যা | ফ্ল্যাটের আয়তন-(পার্কিং বাদে লিফ্‌ট, লবি ও সিঁড়িসহ) বর্গফুট | ফ্ল্যাট সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | এ | ৬ | ১২৯৪ | ৬৭২ |
| ০২ | বি | ৬ | ১০৯০ | ৬৭২ |
| | | | মোট = | ১৩৪৪ |

**লোকেশন:** উপজেলাঃ সাভার, মৌজা: বড়কাঁকর এবং উপজেলা: মিরপুর, মৌজা: বাউনিয়া ও দ্বিগুন;

**২। পুনর্বাসন ভিলেজে বিভিন্ন ক্যাটাগরির ফ্ল্যাট বরাদ্দের জন্য প্রয়োজনীয় যোগ্যতা:**

(ক) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে ফ্ল্যাট বরাদ্দের পর খালি থাকা সাপেক্ষে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের চলমান অন্যান্য প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে বরাদ্দ প্রদান করা যাবে। উপর্যুক্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের বরাদ্দ প্রদানের পরে খালি থাকা সাপেক্ষে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে ও সেতু বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের নিকট ভাড়া প্রদানপূর্বক ব্যবহারের জন্য ২টি ভবন সংরক্ষণ করা যাবে। ফ্ল্যাটের ভাড়া নির্ধারণ ও ব্যবস্থাপনা সরকারের বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রযোজ্য হবে;

(খ) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের যে ক্ষতিগ্রস্ত ব্যক্তির ০.০০৪৯ (দশমিক শূন্য শূন্য চার নয়) একর পর্যন্ত জমি অধিগ্রহণ করা হয়েছে, খালি থাকা সাপেক্ষে তিনি সর্বোচ্চ ১০৯০ বর্গফুটের ২টি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার জন্য যোগ্য হবেন;

(গ) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের যে ক্ষতিগ্রস্ত ব্যক্তির ০.০০৫০ (দশমিক শূন্য শূন্য পাঁচ শূন্য) একর বা তদূর্ধ্ব জমি অধিগ্রহণ করা হয়েছে, খালি থাকা সাপেক্ষে তিনি যে-কোনো আয়তনের ২টি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার জন্য যোগ্য হবেন;

(ঘ) ক্ষতিগ্রস্ত পরিবারের স্বামী/স্ত্রী বা অন্যান্য সদস্যগণ যদি জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হতে Cash Compensation under Law (সিসিএল) প্রাপ্ত হন, তাহলে প্রাপ্ত সিসিএল অনুযায়ী ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। তবে যৌথভাবে সিসিএল প্রাপ্ত ব্যক্তিদের আবেদনের প্রেক্ষিতে রেজিস্ট্রিকৃত আমমোক্তারনামার ভিত্তিতে তাদের মধ্যে মনোনীত ব্যক্তিকে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে;

(ঙ) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অন্যান্য চলমান প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ফ্ল্যাট প্রাপ্তির যোগ্যতা, সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত সিসিএল এর ভিত্তিতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সুপারিশের আলোকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে; তবে এ ক্ষেত্রে খালি থাকা সাপেক্ষে ক্ষতিগ্রস্ত ব্যক্তি যে-কোনো আয়তনের ১টির বেশি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার জন্য যোগ্য হবেন না;

(চ) ফ্ল্যাট বরাদ্দযোগ্য আবেদনকারী মৃত্যুবরণ করলে, মৃত ব্যক্তির ওয়ারিশের অনুকূলে রেজিস্ট্রিকৃত আমমোক্তারনামার ভিত্তিতে যৌথ/একক নামে ফ্ল্যাট বরাদ্দ করা হবে; এবং

(ছ) ফ্ল্যাট বরাদ্দের আবেদন ফরমে কোনো তথ্য গোপন করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে, উক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। **উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দ:**

(ক) ক্ষতিগ্রস্তদের ফ্ল্যাট বরাদ্দ ও ভাড়ার ভিত্তিতে ব্যবহারের জন্য ২টি ভবন সংরক্ষণের পর অবশিষ্ট ফ্ল্যাট পত্রিকায় উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত মূল্য পরিশোধের শর্তে বরাদ্দ প্রদান করা যাবে। উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে বরাদ্দের ক্ষেত্রে ঢাকা শহরের ৩২কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে রাজউক, সরকারি, আধা সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থা হতে ফ্ল্যাট বা বাড়ি বা প্লট বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিবর্গ আবেদন করতে পারবেন না; এবং

(খ) উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে 'ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের পুনর্বাসন ভিলেজে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা (সংশোধিত)'এর শর্ত প্রযোজ্য হবে। উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে বরাদ্দ প্রদানের অন্যান্য শর্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৪। **আবেদন দাখিল, যাচাই-বাছাই ও অনুমোদন পদ্ধতি:**

(ক) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক ফ্ল্যাট বরাদ্দের আবেদন আহ্বান করার পর, নির্ধারিত ফরমে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প পরিচালক কিংবা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মনোনীত কর্মকর্তার নিকট প্রাপ্যতা অনুযায়ী নির্দিষ্ট আয়তনের ফ্ল্যাটের জন্য আবেদন করতে হবে;

(খ) আবেদনপত্র দাখিলের নির্ধারিত তারিখের পর, যে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তি জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে সিসিএল পাবেন, তারা ফ্ল্যাট খালি থাকা সাপেক্ষে সিসিএল প্রাপ্তির সর্বোচ্চ ৩ (তিন) মাসের মধ্যে বা আবেদনপত্র দাখিলের বিজ্ঞপ্তি আহ্বান করা হলে, আবেদনপত্র দাখিল করতে পারবেন। ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা সম্পন্ন হয়ে গেলে আর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;

(গ) 'ফ্ল্যাট বরাদ্দ প্রদান কমিটি' আবেদন যাচাইকরণ, মূল্য গ্রহণ ও লটারির মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করবে। ফ্ল্যাটের জন্য আবেদনকারীর সংখ্যা ফ্ল্যাট সংখ্যার চেয়ে বেশি হলে লটারির মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দ নির্ধারিত হবে; এবং

(ঘ) উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে আবেদন দাখিল, যাচাই-বাছাই ও অনুমোদন পদ্ধতির বিস্তারিত বিবরণ উন্মুক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে।

৫। **ফ্ল্যাট বরাদ্দ প্রদান, মূল্য পরিশোধ ও দখল হস্তান্তর:**

(ক) কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ফ্ল্যাট বরাদ্দ তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে সাময়িকভাবে ফ্ল্যাট বরাদ্দের লক্ষ্যে টাকা জমা প্রদানের জন্য পত্র ইস্যু করা হবে;

(খ) প্রাপ্যতা শ্রেণি অনুযায়ী নির্ধারিত ভবনের ফ্ল্যাট বরাদ্দের জন্য লটারির মাধ্যমে তলা (ফ্লোর নম্বর) ও ফ্ল্যাট নম্বর নির্ধারণ করা হবে। তবে বরাদ্দ পাওয়ার যোগ্য নিকটাত্মীয়গণ একই আকারের ফ্ল্যাটের জন্য গুচ্ছভাবে ফ্ল্যাটের আবেদন করতে পারবেন এবং ফ্ল্যাট বরাদ্দ প্রদান কমিটি তা বিবেচনা করতে পারবে। উল্লেখ্য, উন্মুক্ত বিজ্ঞপ্তিতে ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিগণ গুচ্ছভিত্তিক আবেদনের সুবিধা প্রাপ্য হবেন না;

(গ) নিম্নবর্ণিত তালিকা অনুসারে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ফ্ল্যাটের সাময়িক মূল্য পরিশোধ করতে হবে। এ মূল্য পরবর্তীতে হ্রাস বৃদ্ধি হতে পারে;

<u>ফ্ল্যাটের আয়তন ১২৯৪ বর্গফুট</u>

(১) পার্কিং ছাড়া (৩৬০টি ফ্ল্যাট) - ৫১,১৪,০০০ টাকা (একান্ন লক্ষ চৌদ্দ হাজার টাকা)

(২) পার্কিংসহ (৩১২টি ফ্ল্যাট) - ৫৪,১৪,০০০ টাকা (চুয়ান্ন লক্ষ চৌদ্দ হাজার টাকা)

<u>ফ্ল্যাটের আয়তন ১০৯০ বর্গফুট</u>

(১) পার্কিং ছাড়া (৩৮১টি ফ্ল্যাট) - ৪০,৪৪,০০০ টাকা (চল্লিশ লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা)

(২) পার্কিংসহ (২৯১টি ফ্ল্যাট) - ৪৩,৪৪,০০০ টাকা (তেতাল্লিশ লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা)

(ঘ) উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে বরাদ্দকৃত ফ্ল্যাটের বিক্রয় মূল্য রাজউক বা সরকারের অন্যান্য আবাসন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারের (বর্গফুট প্রতি মূল্য) ভিত্তিতে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হবে;

(ঙ) আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে জামানত হিসাবে ১ (এক) লক্ষ টাকা পরিশোধ করতে হবে, যা পরবর্তীতে সর্বশেষ কিস্তি মূল্যের সঙ্গে সমন্বয় করা হবে;

(চ) ফ্ল্যাটের মূল্য নিম্নরূপভাবে পরিশোধ করতে হবেঃ

| ক্রম | ফ্ল্যাটের মোট মূল্যের শতকরা হার | মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ১ | ২০% | ৬ মাস<br>(বরাদ্দ প্রাপ্তির তারিখ হতে) |
| ২ | ২০% | পরবর্তী ৬ মাস |
| ৩ | ১০% | পরবর্তী ৬ মাস |
| ৪ | ১০% | পরবর্তী ৬ মাস |
| ৫ | ১০% | পরবর্তী ৬ মাস |
| ৬ | ১০% | পরবর্তী ৬ মাস |
| ৭ | ১০% | পরবর্তী ৬ মাস |
| ৮ | ১০% | পরবর্তী ৬ মাস |
| ফ্ল্যাটের ১০০% মূল্য বরাদ্দ প্রাপ্তির ৪৮ (আটচল্লিশ) মাসের মধ্যে আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে। | | |

(ছ) নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় অর্থ পরিশোধ না করলে বরাদ্দ বাতিলপূর্বক ফ্ল্যাটের দখল গ্রহণ করা হবে এবং জামানত ব্যতীত পরিশোধিত অর্থ ফেরত প্রদান করা হবে;

(জ) সকল অর্থ পে-অর্ডারের মাধ্যমে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবের অনুকূলে পরিশোধ করতে হবে;

(ঝ) ফ্ল্যাটের ৪০% মূল্য পরিশোধের পরবর্তী ১ (এক) বছরের মধ্যে সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প বা বিবিএ'র প্রতিনিধি কর্তৃক ফ্ল্যাটের দখল বুঝিয়ে দেওয়া হবে। তবে নির্ধারিত সময়ে অবশিষ্ট মূল্য পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঞ) ফ্ল্যাটের সাময়িক বরাদ্দ প্রাপ্তির ১ (এক) বছরের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধিত হলে ফ্ল্যাটের মূল্যের ৫% অর্থ রিবেট প্রাপ্য হবেন। উল্লেখ্য, উন্মুক্ত বিজ্ঞপ্তিতে ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিগণ রিবেট সুবিধা প্রাপ্য হবেন না;

(ট) বরাদ্দগ্রহীতাকে ফ্ল্যাটের নির্ধারিত মূল্যের অতিরিক্ত বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার প্রযোজ্য সার্ভিস চার্জ, ইউটিলিটি ফি, কর, শুল্ক, মাশুল ও আইনানুগ অন্যান্য প্রযোজ্য ফি/চার্জ নিজ দায়িত্বে পরিশোধ করতে হবে;

(ঠ) যদি পার্কিং এর জন্য আবেদনকারীর সংখ্যা পার্কিং সংখ্যার চেয়ে বেশি হয় তবে লটারির মাধ্যমে পার্কিং নির্ধারণ করা হবে; এবং

(ড) আংশিক মূল্য পরিশোধ করে ফ্ল্যাটের দখল হস্তান্তর গ্রহণের পর, ফ্ল্যাট ছেড়ে দিতে ইচ্ছুক হলে এবং জমাকৃত টাকা ফেরত চেয়ে আবেদন করলে জামানত ব্যতীত পরিশোধিত অর্থ ফেরত প্রদান করা হবে।

৬। **ইজারা দলিল সম্পাদন ও রেজিস্ট্রেশন:**

(ক) ফ্ল্যাট বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিগণকে ফ্ল্যাটের সমুদয় মূল্য পরিশোধের তারিখ হতে ১ (এক) বছরের মধ্যে ৯৯ (নিরানব্বই) বছরের জন্য হিস্যা মোতাবেক জমিসহ ফ্ল্যাটের ইজারা দলিল (Lease Deed) সম্পাদন/রেজিস্ট্রেশন করতে হবে। ফ্ল্যাট বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিগণ সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসে ইজারা দলিল সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(খ) ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণকেই ইজারা দলিল রেজিস্ট্রিকরণ সংক্রান্ত সমুদয় ফি/খরচ বহন করতে হবে;

(গ) ইজারা দলিল প্রাপ্ত ব্যক্তিগণ ফ্ল্যাটের দখল প্রাপ্তির তারিখ হতে ৫ (পাঁচ) বছর অতিবাহিত না হওয়া পর্যন্ত (প্রচলিত আইন অনুযায়ী ওয়ারিশ বাদে) ফ্ল্যাটের মালিকানা অন্য কারো নিকট হস্তান্তর করতে পারবেন না। ৫ (পাঁচ) বছর পর ওয়ারিশ ব্যতীত অন্য কারো নিকট হস্তান্তর করলে, প্রতিবার হস্তান্তরের সময় ইজারা দলিলে উল্লিখিত মূল্যের উপর ১০% ফি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অনুকূলে জমা প্রদান করে হস্তান্তর করতে পারবে; এবং

(ঘ) সকল ক্ষেত্রেই মালিকানা হস্তান্তরের পূর্বে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ হতে পূর্বানুমতি গ্রহণ ও সময়ে সময়ে নির্ধারিত হস্তান্তর ফি পরিশোধ করতে হবে।

৭। **বিবিধ:**

(ক) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা ফ্ল্যাট গ্রহীতাদের অবশ্যই অনুসরণ করতে হবে;

(খ) বরাদ্দকৃত ফ্ল্যাট শুধু আবাসিক কাজে ব্যবহৃত হবে। আবাসিক কাজ ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার করলে, তার বরাদ্দ বাতিল বলে গণ্য হবে। কোনোক্রমেই ভবনের মূল নকশা/কাঠামোর কোনো পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না;

(গ) এ নীতিমালা কার্যকর করা বা প্রয়োগের ক্ষেত্রে কোনো ধরনের অস্পষ্টতা, জটিলতা বা সমস্যার উদ্ভব হলে সে বিষয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(ঘ) কোনো বরাদ্দ গ্রহীতার কার্যকলাপ ও আচার আচরণ পুনর্বাসন ভিলেজের মান মর্যাদা ও শৃঙ্খলার জন্য হানিকর মর্মে প্রতীয়মান হলে অন্যান্য বরাদ্দ গ্রহীতাদের স্বার্থে উক্ত ব্যক্তির বরাদ্দ ও লিজ বাতিল করার জন্য কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন; এবং

(ঙ) গত ২৬ জুলাই, ২০২২ তারিখের ৫০.০০.০০০০.০০০.২২.০০২.২০.১৭৫ নং প্রজ্ঞাপনমূলে জারীকৃত ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের পুনর্বাসন ভিলেজে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে ফ্ল্যাট বরাদ্দের নীতিমালাটি বাতিল করা হলো। উক্ত বাতিলকরণ স্বত্বেও যে সকল কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে তা এই নীতিমালার অধীনে নিষ্পত্তি হয়েছে মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবদুর রউফ**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd